

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৭৮

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/১৩. খাবারের গ্রাস নিচে পড়ে গেলে

بَابِ اللُّقْمَةِ إِذَا سَقَطَتْ

### আরবী

حَدَّثَنَا سُويْدُ بْنُ سَعِيد، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْع، عَنْ يُونُسَ، عَنِ الْحَسَنِ، عَنْ مَعْقِل بْنِ يَسَارٍ، قَالَ بَيْنَمَا هُوَ يَتَغَدَّى إِذْ سَقَطَتْ مِنْهُ لُقْمَةٌ فَتَنَاوَلَهَا فَأَمَاطَ مَا كَانَ فِيهَا مِنْ أَذًى فَأَكُلَهَا فَتَغَامَزَ بِهِ الدَّهَاقِينَ يَتَغَامَزُونَ مِنْ فَأَكُلَهَا فَتَغَامَزَ بِهِ الدَّهَاقِينَ يَتَغَامَزُونَ مِنْ أَكُنُهَا فَتَغَامَزَ بِهِ الدَّهَاقِينَ يَتَغَامَزُونَ مِنْ أَخْذِكَ اللَّهُ مَنَا الطَّعَامُ . قَالَ إِنِي لَمْ أَكُنْ لأَدَعَ مَا سَمِعْتُ مِنْ رَسُولِ اللّهِ على الله عليه وسلم - لِهَذِهِ الأَعَاجِمِ إِنَّا كُنَّا نَأْمُنُ أَحَدَنَا إِذَا سَقَطَت لُقُمَتُهُ أَنْ يَأْخُذَهَا فَيُمِيطَ مَا كَانَ فِيهَا مِنْ أَذًى وَيَأْكُلَهَا وَلاَ يَدَعُهَا لِلشَّيْطَانِ .

#### বাংলা

১/৩২৭৮। মা'কিল ইবনে ইয়াসার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন যে, একদা তিনি সকালের খাবার খাচ্ছলেন। হঠাৎ তার একটি গ্রাস নিচে পড়ে গেলো। তিনি তা তুলে নিয়ে তার ময়লা দূর করে আহার করেন। এতে অনারব কৃষকরা চোখ টিপাটিপি করতে লাগলো। বলা হলো, আল্লাহ নেতাকে কল্যাণের সাথে রাখুন। নিচে পতিত খাবার তুলে নেয়ায় এসব কৃষক আপানার প্রতি চোখ টিপাটিপি করছে। তিনি বলেন, এসব অনারবের কারণে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে শ্রুত কথা ত্যাগ করতে প্রস্তুত নই। আমাদের মধ্যে কারো খাবারের গ্রাস পড়ে গেলে তাকে নির্দেশ দেয়া হতো যে, সে যেন তা তুলে নিয়ে তার ময়লা দূর করে খেয়ে নেয় এবং শয়তানের জন্য ফেলে না রাখে।

## **English**

It was narrated from Hasan about Ma'qil bin Yasar:

"While (he) was eating lunch, a morsel of food fell on the floor. He picked it up, removed whatever dirt had gotten onto it, and ate it. The villagers and farmers winked at one another (finding it odd) and it was said: 'May Allah help the chief! These villagers and farmers are winking at one another



because you picked up a morsel (from the ground) when you have this food in front of you.' He said: 'I am not going to give up something I heard from the Messenger of Allah () for these non- Arabs. We were told, if one of us dropped a morsel of food, to pick it up, remove whatever dirt was on it, and eat it, and not to leave it for Satan.'"

## ফুটনোট

দারেমী ২০২৯।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সুওয়ায়দ বিন সাঈদ সম্পর্কে আবুল হাসান বিন সুফইয়ান আলকুফী বলেন, তিনি দুর্বল। আবুল কাসিম আল-বাগাবী বলেন, তিনি হুফফাযদের একজন। আবু হাতিম আর-রাযী
বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক তাদলীস করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন,
তিনি সিকাহ নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৬৪৩, ১২/২৪৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মা'কিল ইবনু ইয়াসার (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন